



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার নং: ০১

৩০ মে ২০২৪

তারিখ: -----

১৬ জ্যৈষ্ঠ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Bangla QR প্রচলনকে উৎসাহিতকরণ সংক্রান্ত ব্যয় CSR হিসেবে প্রদর্শন প্রসংগে**

মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ ভিশন, বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১ এবং অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে সমন্বয় রেখে প্রাণ্তিক জনগোষ্ঠীকে ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেম-এ আনয়নপূর্বক ২০২৫ সালের মধ্যে দেশের সকল লেনদেনের ৩০ শতাংশ এবং ২০৩১ সালের মধ্যে ১০০ শতাংশ অনলাইন বা ক্যাশলেস করার লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণ্তিক ক্রেতা ও বিক্রেতাদের ডিজিটাল পেমেন্ট অবকাঠামোর আওতায় আনয়নের জন্য Bangla QR চ্যানেলে লেনদেনকে আরও জনপ্রিয় করার লক্ষ্যে ‘ক্যাশলেস বাংলাদেশ’ উদ্যোগের আওতায় ০১ জুন ২০২৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত নিম্নোক্ত ব্যয়সমূহ CSR খাতে প্রদর্শন করা যাবে:-

- ক) বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্টের নির্দেশনায় ব্যাংকসমূহের মাধ্যমে পরিচালিত Bangla QR-এর বিশেষ ক্যাম্পেইন চলাকালীন সময়ে PRA হিসাবধারী মাইক্রো-মার্চেন্টদের জন্য নির্ধারিত Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ;
- খ) ক্যাশলেস বাংলাদেশ ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, সচেতনতামূলক সভা, সেমিনার ও প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন, কুরবানির পশুর হাটে Bangla QR লেনদেনের MDR ও IRF এবং এ সংক্রান্ত যাবতীয় অবকাঠামো প্রস্তুত সংক্রান্ত ব্যয়সমূহ।
- ২। ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তাদের যাতায়াত ভাতা, থাকা-খাওয়া, হোটেল বিল ইত্যাদি (যা যাতায়াত ভাতা হিসেবে গণ্য সেসব ব্যয়) CSR খাতে প্রদর্শন করা যাবে না।
- ৩। উল্লিখিত ব্যয়সমূহ এসএফডি সার্কুলার নং-০৫, তারিখ: ২৩ নভেম্বর ২০২৩-এর মাধ্যমে জারিকৃত রিপোর্টিং ফরম্যাটের অন্যান্য খাতে প্রদর্শনের পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)

পরিচালক (এসএফডি)

ফোন: ৯৫৩০৩২০

E-mail: gm.sfd@bb.org.bd